

তারিখ ০০০ ০০০ ০০০ ০০০ ০০০ ০০০  
 পৃষ্ঠা ২ কলাম ২

## ছাত্রছাত্রীদের সন্তাসী কর্মকাণ্ডে না জড়ানোর পরামর্শ দিলেন ঢাবি উপাচার্য

যুগান্তর রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী ছাত্রছাত্রীদের সন্তাসী কর্মকাণ্ডে না জড়ানোর আহ্বান জানিয়ে বলেছেন, তারা সন্তাসে না জড়ালে এবং বহিরাগতদের আশ্রয় না দিলে বিশ্ববিদ্যালয় সন্তাসমুক্ত হবে। এর ফলে শিক্ষার সৃষ্টি পরিবেশ প্রতিষ্ঠার মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের হারানো ঐতিহ্য ফিরিয়ে আনা সম্ভব হবে। গতকাল বিশ্ববিদ্যালয়ের উইমেন স্টাডিজ বিভাগের মাস্টার্স ও প্রথম বর্ষ সম্মান শ্রেণীর ছাত্রছাত্রীদের নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতাকালে তিনি একথা বলেন। বিশ্ববিদ্যালয়ের নাটমণ্ডল মিলনায়তনে বিভাগের চেয়ারপারসন ও সাবেক ভদ্রাবধায়ক সরকারের উপদেষ্টা অধ্যাপক নাজমা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মোহাম্মদ আনাদুজ্জামান।